Official Spokesperson's response to media queries regarding tweet by the Pakistani Prime Minister and statement by its Ministry of Foreign Affairs

June 06, 2022

পাকিস্তানের প্রধানমন্ত্রীর করা টু্যুইট এবং পাকিস্তানের বিদেশ মন্ত্রকের করা বিবৃতির প্রসঙ্গে সংবাদ মাধ্যমের প্রশ্নের উত্তরে সরকারি মুখপাত্রের প্রতিক্রিয়া

জুন 06, 2022

পাকিস্তানের প্রধানমন্ত্রীর করা ট্যুইট এবং পাকিস্তানের বিদেশ মন্ত্রকের করা বিবৃতির প্রসঙ্গে সংবাদ মাধ্যমের প্রশ্নের উত্তরে সরকারি মুখপাত্র শ্রী অরিন্দম বাগচী বলেছেনঃ

" পাকিস্তান থেকে করা বিবৃতি ও মন্তব্য আমরা লক্ষ্য করেছি।

যে দেশের সরকার ধারাবাহিকভাবে তার সংখ্যালঘু সম্প্রদায়ের অধিকার ভঙ্গ করে , তারা আবার একই বিষয় নিয়ে অন্য দেশের সম্পর্কে মন্তব্য করছে। হিন্দু, শিখ, খ্রিষ্টান সহ সংখ্যালঘুদের উপরে পাকিস্তান যে নিপিড়ন করে চলেছে গোটা বিশ্ব তার সাক্ষী রয়েছে।

ভারত সরকার সকল ধর্মের প্রতি সর্বোচ্চ সম্মান প্রদর্শন করে। এটা পাকিস্তানের মত ন্য় যেখানে ধর্মান্ধদের প্রশংসা করা হয় এবং তাদের সম্মানে স্মৃতিস্তম্ভ গড়া হয়।

ভারতে সাম্প্রদায়িক অশান্তি তৈরি করার চেষ্টা না করে এবং উষ্কানিমূলক প্রচারে ব্যস্ত না থেকে নিজেদের দেশের সংখ্যালঘুদের নিরাপত্তা ও উন্নয়নের দিকে নজর দেবার জন্য আমরা পাকিস্তানকে আহবান জানাচ্ছি।"

নিউ দিল্লি জুন 06, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.